# অমৃতবাজার পত্রিকা

ডাক মাশুল ১॥০, ষাণ্মাসিক ৪৻, ডাকমাশুল ৸০, ত্রৈমাসিক ৩, ডাক মাশুল ।৵০ আনা। অনগ্রিম বার্ষিক ১০॥০, ডাক মাশুল ১॥০টাকা।
প্রকাশের মূল্যঃ—প্রতি পুংক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৶০, চতুর্থ ও ততোধিকবার ৵০আনা। ইংরেজী প্রতি পুংক্তি ।০ আনা।

কলিকাতাঃ— ২০ই মাঘ—বৃহস্পতিবার, সন ১২৮৩ সাল। ইং ১ লা ফেব্রুয়ারি ১৮৭৭ খৃঃ অব্দ } ৫১ সংখ্যা।


## ... রস।

—ooo—

...রুণিক এক সন্ন্যাসী
...ত্ত মহৌষধ।

...গুলি দেশী ও কতক গুলিন ...সংযোগে রস প্রস্তুত হইয়া ... রোগ নাশক শক্তি ধারণ ...ন উপাধিতে প্রতিষ্ঠিত হইয়া ... করিতে সমর্থ। কি মহতি ...বল্লী প্রভৃতি বনস্পতিতে বিশ্ব- ...গুণ প্রদান করিয়াছেন, তাহার ...য বিদিত থাকিলে ব্যাধি- ...নানা প্রকার রোগের যন্ত্রণা ... হইত না, এবং অকালে কা- ...তে না।

...ৃত রস কি চমৎকার ঔষধ! ইহা ...নক দুঃসাধ্য কষ্ট সাধ্য ও অসাধ্য হইতে দেখা গিয়াছে। এমন কি ক্ষয়, ...বিধ শীরঃপীড়া, হৃদ্রোগ, শ্বাসকাশ, ...ল-শুল, পুরাতন জ্বর, প্রমেহ, ...শ, পারদ ঘটিত দোষ, মুত্রকৃচ্ছ্র, ...ার, প্লীহা, পাণ্ডু, যকৃত ও গৃ- ... প্রকার রোগ প্রতিকারে ইহা ...ীলোকদিগের কতক গুলিন বিশেষ ঔষধ তাহার শীঘ্র প্রতিকারক। সুতিকা, প্র... মুচ্ছা, ভৌতিক রোগ, স্বপ্নে ভয় দর্শন প্রভৃতি ...গ স্বচ্ছন্দ বিধেয়। মহাপুরুষের এমনও আজ্ঞা অ...ছ, যে যথা নিয়মে ঔষধ সেবন করিলে মৃত বৎসা দোষও থাকিবে না। পরন্তু এমত নি- র্দ্দোষ ঔষধ যে দুগ্ধ পোষ্য শিশুরও সেব্য এবং পর- মোপকারী।

উদাসীনের দত্ত আমার মহৌষধ ইংরাজি ১৮৬৮ শাল হইতে প্রচার হইয়াছে। ইহার পূর্ব্বে কোন বাঙ্গালি কোন প্রকার ঔষধ প্রকাশ করেন নাই। আমার প্রকাশের পরে এই আট বৎসরে ...ত কতই ইহার নকল হইল, তাহার ইয়ত্তা নাই। ...কিন্তু আসল ও নকল অনেক বিভিন্ন। পূর্ব্বে ...পুস্তকাকারে অসংখ্য আরোগ্য সমাচার ছাপান হইয়াছে, এক্ষণে নূতন কয়েক খানি আরোগ্য সমাচার প্রকাশ করা যাইবে।

...ছটাক ...শিশির মূল্য ৫॥০ টাকা। যাহা ১৫ ...দিন সেবনীয়।

...হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
মিশির পোখরা।
বেনারস।

আরোগ্য সমাচার।

...শয় আপনার অমৃত রস আমি ১৫০ টাকার আনাইয়াছি; ইহা অতি আশ্চর্য্য ঔষধ। বিবিধ দুরূহ রোগে তাহার অদ্ভুত শক্তি দৃষ্ট করিয়া আমরা চমৎকার হইয়াছি। শুল, পুরাতন ও নুতন হাপানি কাশী, জ্বর, যক্ষ্মা, গ্রহণী এবং স্ত্রীলোকের মূর্চ্ছা রোগে ইহার সম্যক উপকারিতা দৃষ্ট করা গিয়াছে।

শ্রীকৈলাস চন্দ্র রায় মহাশয়
জমিদার ও অনারেরী মাজিষ্ট্রেট দেহুড়দা
জেলা বালেশ্বর।

আমার কনিষ্ঠা ভগ্নীর জ্বর, প্রদর, অরুচি শরীর, ও মস্তক ফোলা, নাক হইতে শীরা বাহির হওয়া, গা, হাত ও পা, কামড়ানি, ইত্যাদি নানাবিধ পীড়ায় অত্যন্ত কষ্ট পাইতেছিল, মহাশয়ের অমৃত রস সেবনে সম্পূর্ণ আরোগ্য হইয়াছে। আমার প্রতি- বাসী শ্রীযুত প্রাণকৃষ্ণ হালদার জ্বর, বহি, অর্শও অজীর্ণ রোগে অতিশয় কষ্ট পাইতেছিলেন, অজীর্ণ এরূপ হইত যে অন্ন আহারের পনের দিন পরে ঐ অন্ন স্ব আকারে নির্গত হইত, আপনার অমৃত রস সেবন করিয়া আশ্চর্য্য আরোগ্য হইয়াছেন।

শ্রীরামচন্দ্র নন্দী।
মোং তেলীপাড়া, জয়নগর পোঃ আঃ।

ইতাগ্রে মহাশয়ের নিকট হইতে যে অমৃত রস ঔষধ সমভিব্যাহারে আনা হয়, বিগত বৈশাখ মাসের মধ্যে মৎপত্নী নানা প্রকার উৎকট ব্যাধীগ্রস্ত হইয়াছিলেন। এমন কি জীবন রক্ষার কোন উপায় ছিল না এমত অবস্থায় ঐ ঔষধ সেবনান্তর কতিপয় দিবস মধ্যেই আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীঈশ্বরচন্দ্র রায় চৌধুরী জমিদার
মোং বাহালগ্রাম, রহিগঞ্জ পোঃ আঃ।

আপনার প্রকাশিত অমৃত রস আনয়ন করিয়া আমার পরিবারকে সেবন করাণতে অনেক পরিমাণে রোগের উপশম বোধ হইতেছে। শারীরিক দৌর্ব্ব- ল্যতা পূর্ব্বাপেক্ষা অনেক বিশেষ হইয়াছে, তবে উদরের বেদনা যে একেবারে আরাম হইয়াছে তাহা বলিতে পারি না, এক্ষণ যে প্রকার অবস্থা দেখিতেছি, তাহাতে বোধ হয় আরও কিছু অধিক কাল ঔষধ সেবন করাইলে সম্পূর্ণ আরোগ্য হওয়ার সম্ভব। কারণ পীড়াও নিতান্ত অল্প দিনের নহে।

শ্রীশশীভূষণ হালদার, ডেপুটী মাজিষ্টে
মোং মাতাভাঙ্গা জেলা, কুচবেহার।

মহাশয় বৎসরাবধি আমি জ্বর এবং কাশে অত্যন্ত কষ্ট পাইতেছিলাম, ডাক্তারী ও বৈদ্যমতে নানাবিধ ঔষধী ব্যবহার করাতেও পীড়ার কিঞ্চিৎ মাত্র উপশম না হওয়ায় পরিশেষে মহাশয়ের জগৎ পরিচিত অমৃত রস ব্যবহার করাতে সম্যক আরোগ্য লাভ করিয়াছি। আমার যেরূপ উপকার করিলেন ইহাতে মহাশয়ের নিকট চিরকৃতজ্ঞতা পাশে বদ্ধ থাকিলাম, এবং যাহাতে আপনার অমৃত রস এই গ্রামে এবং ইহার চতুপার্শ্বে বিশেষ প্রকারে পরিচিত হয়, তজ্জন্য সর্ব্বদা চেষ্টিত থাকিলাম।

শ্রীরমানাথ বন্দ্যোপাধ্যায়
মোং হবিপুর, জেলা, দিনাজপুর।

মহাশয় আপনার উদাসীন দত্ত অমৃ... মহৌষধীর গুণ ভুবন বিখ্যাত, এবং কয়েকটী রো... আশ্চর্য্য আরোগ্য লাভ করিতে দেখিয়া আ... আনন্দ সাগরে মগ্ন হইয়াছি। না জানি মহাশ... কত প্রাণীকে অকাল কালগ্রাস হইতে মুক্ত করিয়া কতই পুণ্য উপার্জ্জন করিতেছেন, ইহাতে আপনাকে অগণ্য ধন্যবাদ করিতেছি।

শ্রী চৌধুরী প্রতাপনারায়ণ রায় জমিদার।
মোং ডাশবিহা, জেলা, বালেশ্বর।

আপনার জগৎ বিখ্যাত মহোপকারি ঔষধীর গুন বিষয়ে এ সামান্য লেখনা বা কি বর্ণনা করিতে পারে। সর্ব্বদাই শুনিতেছি, যে আপনার কৃপা গুণে অত্রাঞ্চলের অনেক২ ব্যক্তি করাল কাল রোগের হস্ত হইতে মুক্তি লাভ করিতেছেন। আমরা চাক্ষু... শ্রীযুত রাধা মোহন মুখোপাধ্যায়কে ভয়ানক সবি... গ্রহণী রোগ হইতে এবং তাঁহার স্ত্রীকে অনেক দিনে... প্রাচীন শ্বাস রোগ হইতে আশু মুক্তি লাভ করিতে দেখিয়া বিশেষ ধন্যবাদ দিতেছি। অমৃত রস নামের স্বার্থকতা সম্পাদন করিতেছে।

শ্রীশ্যামাচরণ মিত্র।
ডেপুটী পোষ্টমাষ্টার, মোং বাসড়িহা।

গত বৎসর মহাশয়ের নিকট হইতে অমৃত রস আনাইয়া সেবন করায় আমার যে শুল বেদনা ছিল তাহা হইতে মুক্তি পাইয়াছি।

শ্রীজয় গোবিন্দ দত্ত।
মোং জতনপুখরী জেলা, জলপাইগুড়ি...

মহাশয়ের অমৃত রস ঔষধী ভগন্দর রো... সেবন করান হয় তাহাতে ক্ষত আরোগ্য হইয়াছে, দাগ মাত্র আছে।

শ্রীগোবিন্দ চন্দ্র সেট।
মোং ফাঁসি দেওয়া, জেলা দারজিলিং।

আমি হেম বাবুর অমৃত রস অনেক রোগে পরীক্ষা করিয়াছি, এবং অনেক প্রকার রোগেতে ইহার অশ্চর্য্য গুণ দেখা যায়। কএক জন রো... যাহাদের বাঁচিবার কোন ভরসা ছিল না, এই ঔষ... সেবনে আশ্চর্য্য আরোগ্য হইয়াছে।

শ্রীকৈলাসচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ডাক্তার।
৺কাশীধাম।

মহাশয়ের মহৌষধী অত্র স্থানে যিনি২ সেব... করিয়াছেন, সকলেই সুন্দর রূপে আরোগ্য ল... করিয়াছেন।

শ্রীলোকনাথ দাস বসু।
মোং কটক।

নারায়ণ গাহিতি।

মোং কাঁথি, জেলা মেদনিপুর।

শয়ের অমৃত রস সেবনে দাদা মহাশয়ের উপকার লাভ হইয়াছে। তাঁহার শুল ব্যথা এবং পেটের ডাক আরোগ্য হইয়াছে।

শ্রীপ্রসন্ন কুমার দাস।

মোং রত্নপুর জেলা মুরসিদাবাদ।

ইত্যগ্রে যে ঔষধী আপনার নিকট হইতে আনান হইয়াছিল, তাহা আপনার প্রেরিত নিয়মাবলির নিয়মানুসারে সেবন করাতে পূর্ব্বাপেক্ষা অসুস্থের অনেক হ্রাস হইয়া আপাততঃ শরীরের স্ফূর্ত্তি লাভ করিয়াছি।

শ্রীনারায়ণ চন্দ্র চৌধুরী রায় বাহাদুর।

মোং চুড়ামন।

মহাশয় আপনার অমৃত রস ঔষধের অনির্ব্বচনীয় গুণ। আমার আত্মীয়ের জ্বর, প্লীহা এবং পেটের ব্যায়রাম ছিল। এই ব্যায়রাম গুলি অল্প দিনের নহে, জ্বর প্রায় ৭। ৮ বৎসরকার প্লীহা প্রায় ৪। ৫ বৎসরকার এবং পেটের পীড়া প্রায় এক বৎসর হইল হইয়াছিল। যৎপরনাস্তি দুর্ব্বল ছিলেন। উক্ত ঔষধ এক শিশি সেবন করিয়াই রোগ প্রায়, চৌদ্দ আনা আরাম হইয়াছে। জ্বর এক বারে বন্দ হইয়াছে; প্লীহা বার আনা ভাগ কমিয়া গিয়াছে প্রত্যহ ১০।১২ বার বাহ্যের মধ্যে এক্ষণে ২।৩ বার জান। বাহ্যে যে রক্তের চিহ্ন দেখা দিত তাহাও আরোগ্য হইয়াছে। এ ঔষধে যে অনেকেই অকাল কালগ্রাস হইতে রক্ষা পাইবে তাহার আর ভুল নাই।

শ্রীযোগেন্দ্রচন্দ্র বসু।

মোং হুগলি. মুটিয়াবাজার।

আপনার প্রেরিত এক শিশি অমৃত রস ঔষধী আমার কনিষ্ঠ সহোদরকে সেবন করাইয়া তাঁহার ...অংশে সাম্য হইয়াছে। প্লীহা জ্বর, ও উদরাময় এই তিন প্রকার পীড়া আমার উক্ত সহোদরটীর হইয়াছিল, আপনার অমৃত রস সেবন করিয়া জ্বর বন্ধ হইয়াছে, উদরাময় আরোগ্য হইয়াছে।

দক্ষিণাপদ রায় চৌধুরী।

মহিষরাখা পোঃ আঃ

মহাশয় এক শিশি অমৃত রস আনাইয়াছিলাম। এবং একটী স্ত্রীলোক পুরাতন জ্বর আদি নানা প্রকার পীড়ায় কষ্ট পাইতে ছিল, কিন্তু মহাশয়ের অমৃত রস সেবন করাতে চমৎকার আরোগ্য লাভ করিয়াছে।

শ্রীবনমালী পাল

মোং গুলটীয়া, তায়া সিন্দীয়া।

অমৃত রস ঔষধী অত্র সবডিবিজান ধুবড়ির শ্রীযুক্ত বাবু মতিলাল লাহুড়ী প্রভৃতি আনয়ন ও সেবন করিয়া আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীরায় প্রতাপচন্দ্র বড়ুয়া বাহাদুর

মোং গৌরীপুর ধুবড়ী।

মহাশয় আপনার অমৃত রস মহৌষধের অসাধারণ গুণে আমার পূজনীয় পিতা ঠাকুর মহাশয়ের মেহ, কাশ, ও জ্বর প্রায় নিশেষিত হইয়াছে। ইত্যাগ্রে ক্রমিক তিন শিশি অমৃত রস আনয়ন করিয়া উল্লিখিত পিতাঠাকুর মহাশয়কে সেবন করায় কাশ ও জ্বর হইতে একবারে নিষ্কৃতি পাইয়াছে, মেহের পীড়া বার আনা আন্দাজ আরোগ্য হইয়াছে, চার আনা পরিমাণে বাকি আছে। ... করি তাহাও একবারে নিঃশেষ হইত। ফলতঃ ...রি অকুলান বশতঃ এক সঙ্গে উক্ত তিন শিশি ...রস সেবন করাইতে পারি নাই, এক শিশি সেবন ...রিয়া মধ্যে অনেক দিন বাদে অপর শিশি সেবন ...রনে হইয়াছিল, এবং নিয়ম মত পথ্যাদি ভক্ষণও হয় নাই। বিশেষতঃ মেহের পীড়াটী অল্প দিনের নয় ...য় ২৫ বৎসর হইল ইহার সুত্রপাত হইয়াছে।

শ্রীবর্ণেশ্বর মুখোপাধ্যায়

মোং চড়ামন জেলা, মালদহ।

...am very glad to say that your cholera pills ...cured all the 10 cases in which they were ...stered

Signed D. V. Sapray
Bankipore

...the honor to inform you that your me...

...ed from the ...
...ered in two two cases
with successful result.

Signed T. B. Miller
Private Secretary.

Your cholera pills are really infallible. Not being a professional man I was afraid to try your medicine at first, but I administered it in 3 cases given up by the doctors as hopeless. Two of the patients recovered within six hours by using only two pills each. The other a child took one pill which stopped his purging, vommitting, spasm and perspiration, and caused a discharge of urine but unfortunately at this stage his parents gave him some other medicine. The result was the disease relapsed, and the child died.

Two more cases have been cured, by your medicine

Signed W R Larmine
Magistrate of Bankura

I am requested by the Maharaja of Burdwan to inform you that during the recent out-break of cholera in this place, your pills were tried in several cases, which occured among the servants of His Highness, and were found to be efficacious.

Bepin Behary Dutt
Station Master, Doomrow.

I am directed to say that your cholera pills are being tried by the Civil Surgeon of Rangoon and the result will be communicated to you as soon as a report is received.

Signed E. I. Sinkms B. C. S.
Junior Secretary to the
Chief Commissioner of Burma

---

অত্যাশ্চর্য্য ওলাউঠার অমূল্য বটিক।

সকল প্রকার ঔষধ অপেক্ষা এই ঔষধীর চমৎকার গুণ প্রকাশ হইয়াছে, ইহা দ্বারা অতি অল্প সময়ের মধ্যে রোগ নিবারণ হয়। অধিকাংশ লোক ৫। ৬ ঘণ্টার মধ্যে আরোগ্য হইয়াছেন। আমি পূর্ব্বে সহর অম্বালায় বার শত, এবং এ স্থানে আট শত বার জন লোকের দাতব্য চিকিৎসা করিয়াছি, তন্মধ্যে শতকরা ৯০ জন রোগীর অধিক আরোগ্য হইয়াছে। ইহা তালিকা দ্বারা প্রমাণ পাওয়া গিয়াছে।

এই ঔষধীর ৫০ পঞ্চাশ বটিকার মুল্য ৫ টাকা মাত্র, ইহা দ্বারা ২০ নজ রোগী আরোগ্য হইতে পারে।

নিম্ন লিখিত আরোগ্য সমাচার ছাপান যাইতেছে।

শ্রীহেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
মিশির পোখরা, বেনারস।

মহাশয়ের নিকট হইতে গত মাসে যে ঔষধী আনাইয়া ছিলাম তাহা ছয় জন রোগীকে দেওয়ায় উত্তম রূপ আরোগ্য হইয়াছে। বিশুচিকার এমন ঔষধ আর হয় নাই, ছয় ঘণ্টার মধ্যেই সকলে আরোগ্য লাভ করিয়াছে।

শ্রীগোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়
নেটিভ ডাক্তার, ছাপরা জেলা আরা।

মহাশয়ের ঔষধের গুণ মৌখিক ভিন্ন পত্রে বর্ণনা করা যায় না একাধীক্রমে ১৮টি ওলাউঠা রোগী আরোগ্য হইয়াছে। অধিকাংশ রোগীকে ২টী বটীকা কোন কোনটীকে ৩টী মাত্র দেওয়া গিয়াছে। মহাশয়ের এ ঔষধ যথার্থ তাহার কোন ভুল নাই, ঐ সকল রোগী অতি দীন হীন লোক, কেবল মহাশয়ের পুণ্যার্থে, এবং প্রশংসা প্রকাশার্থে বিনা মুল্যে দেওয়া গিয়াছে

শ্রীমহিউদ্দিন।

ইনচার্জ কুরকুরিয়া চা-বাগান, সোনাপুর আসাম।

আপনি যে ওলাউঠা রোগের ঔষধ পাঠাইয়া ছিলেন, ঐ ঔষধ ৫ জন রোগীকে দেওয়া হইয়া ছিল, তাহারা সকলেই আরোগ্য লাভ করিয়াছে।

শ্রীরাধাবল্লভ সিংহদেব জমিদার।

মোং কুচিয়াকেল্লল জেলা বাঁকুড়া।

আপনার প্রেরিত ওলাউঠা ঔষধ ... প্র... হইয়া

গো...

আমাদের ...
দুর্ভাব হইয়াছে, ...
জনার আশ্চর্য্য উ...
শ্রীকৈ...
অনারারী ...

---

শ্রীলশ্রীযুক্ত ম...
প্রদেশা...

অনুমোদি...

শ্রীচন্দ্রকিশো...

আয়ুর্বেদো...

১৪৬ নং লোয়ার ...
বালাখানা, ক...

উপরোক্ত ঔষধালয়ে ... ন্সলা মতের সর্ব্বপ্রকার ... ঔষধ, তৈল, ঘৃত ও পাচ... সর্ব্বদা প্রস্তুত প্রাপ্ত হওয়া ... পযুক্ত চিকিৎসক সর্ব্বদা ত... ব্যবস্থা করিয়া ঔষধাদি প্র...

কোষবৃদ্ধি (একশীর...

এই কষ্টকর পীড়া যা... কাল মধ্যে সমুদ্ভুত হইয়া থা... এই মহৌষধ এক কৌটা মাত্র ... আরোগ্য হয়। এই পীড়া ... কালের হইলে ইহা কিঞ্চিৎ ব্যা... নিঃশেষ আরোগ্য হয়। এই ঔ... সেবনেই জ্বর, দৌর্ব্বল্য প্রভৃতি ... দূরীকৃত হয়। এই ব্যাধি ক... হানি হইয়া থাকে তাহাও ইহ... আরোগ্য হয়।

এক কৌটার মুল্য ২ টাকা ড...

সুরসুন্দরীবটিকা...

(সর্ব্ব প্রকার স্ত্রীরোগের ...

ইহা সেবন করিলে রক্ত ও শ্বে...দর, কষ্টরজঃ, বাধক, রোগ বন্ধ্যা এবং অকাল প্র... অর্থাৎ গর্ভস্রাব ইত্যাদি সর্ব্ব প্রকার স্ত্রীরো... নিশ্চয়ই আরোগ্য হয়। এই কল্যাণকর সিদ্ধ বটিকা সর্ব্ব শরীরের রক্ত পরিষ্কার করিয়া জরায়ুর সমস্ত পীড়া নিঃশেষ আরোগ্য করে।

এক কৌটার মূল্য ২ টাকা ডাক মাসুল ।০

ভৈষজ্য রত্নাবলী।

সুপ্রসিদ্ধ আয়ুর্ব্বেদীয় চিকিৎসা গ্রন্থ।

ইহাতে সমস্ত রোগের চিকিৎসা পথ্যাপ... ঔষধ প্রয়োগ ও প্রস্তুত করিবার প্রণালী বিস্তারি... রূপে লিখিত আছে। ইহা পরিবর্দ্ধিত অর্থাৎ ইহাতে চক্রদত্ত, রসেন্দ্রচিন্তামণি ও শার্ঙ্গধর প্রভৃতি বি... গ্রন্থ হইতে নানা প্রকার তৈল, ঘৃত, ধাতুঘটিত ঔষধ ও অরিষ্ট আসবাদি সন্নিবিষ্ট করিয়া মুল ও বঙ্গ ভাষায় অনুবাদ সহিত মুদ্রিত হইয়া ২ খণ্ডে প্রকাশিত হইয়াছে; প্রতিখণ্ডের মুল্য ৩ টাকা ডাকমাশুল ।০ আনা। আবশ্যক হইলে আমার নিকট মুল্য পাঠাইলেই প্রাপ্ত হইবেন।

শ্রীবিনোদলাল সেন গুপ্ত কবিরাজ; কর্ম্মাধ্যক্ষ।

---

"ডাক্তার জি হায়াসা এম ডী

বিখ্যাত ডাক্তার ভন গ্রায়াইফের ছাত্র সকল প্রকার চক্ষু রোগের চিকিৎসক। ৭ নং চৌরিঙ্গি রোডের বাটিতে প্রাতে ৮টা নাগাত ১০টা ও বৈকালে ৩টা নাগাত ৫টা পর্য্যন্ত চিকিৎসার সময়